গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
www.rda.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬৪.১০৮৮.০১৪.১১.০৭৭.২০/ ৬৪৪

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩২
২৬ জুন, ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া'র রাজস্ব খাতভুক্ত সরাসরি নিয়োগযোগ্য নিম্নে বর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে কেবলমাত্র অনলাইনে (http://rda.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতনক্রম | পদের সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | সহকারী পরিচালক<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-<br>(বেতন গ্রেড-৯) এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০৬(ছয়)টি | ৩২ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী। |
| ২। | মেডিক্যাল অফিসার<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-<br>(বেতন গ্রেড-৯) এবং তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ০১(এক)টি | ৩২ বছর | কোন স্বীকৃত মেডিকেল কলেজ হতে এমবিবিএস ডিগ্রী; এবং বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ (২০১০ সনের ৬১ নং আইন) এর অধীন রেজিস্টার্ড হতে হবে। |

০২। আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ

(ক) আবেদনকারীর বয়স ০২/০৭/২০২৫খ্রি. তারিখে ন্যূনতম ১৮(আঠার) বছর এবং সর্বোচ্চ ৩২(বত্রিশ) বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(খ) চাকুরির জন্য আবেদন আগামী ০২/০৭/২০২৫খ্রি. তারিখ সকাল ১০:০০ টা হতে ২৪/০৭/২০২৫ খ্রি. তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। অনলাইন (Online) ব্যতীত সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদন বাতিল মর্মে গণ্য হবে।

(গ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিবে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

(ঘ) চাকুরির আবেদন ফর্মে সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে চাকুরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ নেই।

(ঙ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান, সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা ও প্রচলিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তাও অনুসরণ করা হবে।

(চ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে লাইসেন্স/প্রশিক্ষণের সনদপত্র/অভিজ্ঞতার সনদপত্রসহ) জমা দিতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের স্থায়ী বাসিন্দা তার প্রমাণক হিসেবে সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা বা সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক/ওয়ার্ড কাউন্সিলর অথবা এসকল পদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ব্যক্তি কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি এবং আবেদনকারী কোন কোটার দাবীদার হলে দাবীর সমর্থনে সরকারের সর্বশেষ জারীকৃত নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

(ছ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং প্রয়োজনে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে বিজ্ঞপ্তি সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বাতিল করতে পারবেন।

(জ) Online-এ আবেদন, নিয়োগ পরীক্ষা ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

(ঝ) বাছাই, লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

(ঞ) আবেদনের শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

(ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://rda.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০২/০৭/২০২৫খ্রি. সকাল- ১০:০০ টা;

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৪/০৭/২০২৫খ্রি. বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে

(গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন কপি প্রিন্ট করে পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে ব্যবহারের লক্ষ্যে প্রার্থী সংরক্ষণ করবেন।

(ঙ) **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান**:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী একটি User ID এবং ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য এবং স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে যা ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে অনধিক ৭২ ঘন্টার মধ্যে পরীক্ষার ফি জমা দিবেন। পরীক্ষার ফি বাবদ জমা দিতে হবে ২০০/-(দুইশত) টাকা ও টেলিটক-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা। তবে অনগ্রসর নাগরিক (নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীদের ক্ষেত্রে আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/-(ছাপান্ন) টাকা জমা দিতে হবে। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে,** Online-এ **আবেদনপত্রের সকল অংশ পূরণ করে** Submit **করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত** Online-এ **আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**
নিম্নেবর্ণিত পদ্ধতিতে এসএমএস **(**SMS) করতে হবে:

**প্রথম SMS:** RDA <space> User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: RDA ABCDEF & send to 16222 (ABCDEF এর স্থলে User ID নম্বর বসাতে হবে)।
**Reply:** Applicant's Name Tk-223/- or Tk-56/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type RDA <space>Yes <space> PIN & send to 16222.

দ্বিতীয় **SMS:** RDA <Space>Yes<Space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
**Example:** RDA YES 12345678 & Send to 16222 (12345678 এর স্থলে PIN নম্বর বসাতে হবে)।
**Reply:** Congratulations Applicant's Name, payment completed successfully for ......... Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি www.rda.gov.bd ও http://rda.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন কপি Print করে নিবেন এবং প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID ও Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে RDA<space>Help<space>User<space>User ID & Send to 16222.
**Example:** RDA Help User ABCDEF & send to 16222 (ABCDEF এর স্থলে User ID নম্বর বসাতে হবে)।

(ii) PIN Number জানা থাকলে: RDA<space>Help<space>PIN<space>PIN No. & Send to 16222.
**Example:** RDA Help PIN 12345678 & send to 16222 (12345678 এর স্থলে PIN নম্বর বসাতে হবে)।

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকায় ছাড়াও পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র ওয়েবসাইট www.rda.gov.bd এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইট www.rdcd.gov.bd এবং http://rda.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.rda.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা dd2.admin@rda.gov.bd এর ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: RDA, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।**

**(ড. এ, কে, এম অলি উল্যা)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার
ওয়েবসাইটে
প্রবেশ এর QR Code

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার
টেলিটক পোর্টালে
প্রবেশ এর QR Code